Our Business
Is To Protect Your
Business & Property

# ডিউটি পোষ্টের জন্য সাধারন নির্দেশাবলী


প্রিস্টিন সিকিউরিটি সার্ভিস লিঃ

রোড # ২২, বাড়ি # বি-১৩৬, ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬ ফোনঃ ০২-৫৮৮১৭১৭৩-৪, ০১৭৪৭-৯৪৬৫৪৫


ডিউটি স্থলে নিয়োজিত প্রিস্টিন সিকিউরিটি সার্ভিস লিঃ-এর সকল নিরাপত্তা কর্মীরা ক্লায়েন্টের অফিস/নির্ধারিত ভবনের/দায়িত্বপূর্ণ স্থানের নিরাপত্তার প্রয়োজনীয়তা সম্পূর্ণরূপে জানবেন এবং নিরাপত্তা সম্পর্কিত নিম্নলিখিত বিষয়সমূহ পালন নিশ্চিত করবেন ঃ

১। সদা সু-সজ্জিত থাকবেন। সময়নিষ্ঠ হবেন এবং কর্তব্যস্থালে নিদ্ধারিত সময়ের ১৫ মিঃ পূর্বে পৌছাবেন।

২। পূর্ববর্তী নিরাপত্তা কর্মী থেকে দায়িত্ব ঠিকমত বুঝে নিবেন। দায়িত্ব গ্রহনকালে পোষ্টে রক্ষিত বিভিন্ন মালামাল ও রেজিষ্টার সমূহ ভালভাবে বুঝে স্বাক্ষর করবেন। একই সাথে ক্লায়েন্টের কোন বিশেষ আদেশ-নির্দেশ আছে কি না সে বিষয়ে পূর্ববতী গার্ডের নিকট হতে অবশ্যই জেনে নিবেন।

৩। ফায়ার ফাইটিং সরঞ্জামাদি, ফায়ার এলার্ম সিস্টেম বিদ্যুৎ সরবরাহ মেইন কন্ট্রোল প্যানেলের অবস্থান এবং সেগুলোর ব্যবহার পদ্ধতি সম্পর্কে অবশ্যই অবগত হবেন। সততা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করবেন।

৪। পোষ্ট/সাইট নির্দেশাবলী পড়বেন, বুঝবেন এবং তা ঠিকভাবে পালন করবেন। কর্মস্থালের সকল অফিসার ও ষ্টাফদের পদমর্যদা জানবেন এবং তাদের সাথে পদমর্যাদা অনুসারে সম্মান ও সু-আচরণ করবেন।

৫। ক্লায়েন্টের বা নিজের কোম্পানী সম্পর্কে কোন খারাপ মন্তব্য করবেন না বা শুনবেন না এবং এর পক্ষে-বিপক্ষে, বেতন-ভাতা, সুবিধা/অসুবিধা বা প্রশাসনিক কোন বিষয়াদি সর্ম্পকে নিজেদের মধ্যে আলোচনা করবেন না। ক্লায়েন্টের কোন তথ্য বাইরের কাওকে দিবেননা

৬। কোন কর্মকর্তার কাছে কোন প্রকার আর্থিক সাহায্য চাওয়া যাবে না এবং পোষ্টে কর্তব্যরত অবস্থায় কোন প্রকার নগদ টাকা লেনদেন করা যাবে না। কর্তব্যকালীন কারো সাথে গল্প গুজব করবেন না। কোন সংবাদপত্র/বই ইত্যাদি পড়বেন না। পোষ্টে দাড়িয়ে ফেরিওলা থেকে চা-বিস্কুট ক্রয় করা এবং তা প্রকাশ্যে খাওয়া-পান করা যাবে না।

৭। রাত্রি বেলা ডিউটি চলাকালীন সময়ে ঘুমানো যাবে না। কোন প্রকার অসুবিধা বোধ করলে সাথে সাথে কর্তব্যরত সুপার ভাইজারকে জানাতে হবে। কোন অবস্থাতেই গেট খালি রেখে বাথরুমে যাওয়া, নামাজ পড়া বা অন্য কোথাও যাওয়া বা টেলিভিশন দেখা যাবে না।

৮। পরবর্তী গার্ড এসে দায়িত্ব বুঝে না নেওয়া পর্যন্ত পোষ্ট ত্যাগ করা যাবে না। এক্ষেত্রে প্রয়োজনে পেট্রোল অফিসার, জোন অফিসার অথবা প্রিস্টিন কন্ট্রোল রুমের সাথে যোগাযোগ করতে হবে।

৯। ভি আই পি পরিদর্শকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিশেষ কোন নির্দেশাবলী প্রদান করলে তা সঠিকভাবে পালন করতে হবে এবং পরবর্তী গার্ডকে অবশ্যই সঠিকভাবে বুঝিয়ে দিতে হবে।

১০। কোন ধরনের অঘটন ঘটলে অনতিবিলম্বে নিরাপত্তা ইনচার্জ ও কর্তৃপক্ষকে জানাবেন। কর্তব্য পালন কালীন সময়ে ধুমপান করবেন না এবং ঘুমাবেন না। মাদক দ্রব্য সেবন করে ডিউটিতে আসবেন না। ডিউটি স্থল ত্যাগ করার আগে সকল পোষ্ট আইটেম পরবর্তী গার্ডকে বুঝিয়ে দিবেন। কোন বিশেষ নির্দেশনা থাকলে অবশ্যই পরবর্তী গার্ডকে জানাবেন।

১১। চাঁদাবাজ, মাস্তান বা তদবীর পার্টি ইত্যাদি শ্রেণীর কোন লোক আসলে তাকে ভেতরে ঢুকতে দিবেন না এবং তাকে বসিয়ে রেখে কর্তৃপক্ষের কাছ থেকে জিজ্ঞাসা করে সেই অনুযায়ী কাজ করবেন।

১২। অফিসের জরুরী টেলিফোন নম্বর সমূহ মনে রাখবেন। অফিসের কর্মকর্তাদের গাড়ীর রং, ধরন, নম্বর বা বিশেষ কোন মনোগ্রাম থাকলে তা দেখে কাহার গাড়ী তা সনাক্ত করবেন। যত বেশী সম্ভব কর্মকর্তা/কর্মচারীদের চেনার চেষ্টা করবেন।

১৩। কর্তব্যস্থলে পরবর্তী দিনের সম্ভাব্য ঘটনাবলী জানবেন এবং এর জন্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করবেন। কোন বিষয়ে সন্দেহের উদ্রেক হলে অনতি বিলম্বে তা প্রিস্টিন এর সংশ্লিষ্ট জোনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তির সাথে যোগাযোগ করবেন।

১৪। মেইন গেটে কর্তব্যরত নিরাপত্তা কর্মী, অফিস স্টাফ কিংবা লেবার কেউ গল্প বা আড্ডা দিতে পারবে না। রাতের ডিউটিতে পালাক্রমে একজন মেইন গেটে অবস্থান করবে এবং অন্যজন টর্চলাইটসহ সম্পূর্ন দায়িত্বপূর্ণ এলাকায় টহল দিবে।




**Head Office:** House # B 136, Road # 22, Mohakhali DOHS, Dhaka 1206, Tel: +88 02 58817173-4, Cell: +88 01747946545
**Chittagong Office:** Modina Market (3rd Floor) 6 Muradpur, Panchlish, Chittagong, Tel : +031-658660, Cell : +88 01755694499
Email: info@pristinesecurity.org Web : www.pristinesecurity.org


PRISTINE
SECURITY SERVICE LIMITED

১৫। **আগুন লাগলে গার্ডদের কর্তব্যঃ**

ক) কর্তব্যরত পোষ্টে ক্লায়েন্টের দায়িত্বপূর্ন এরিয়ার মধ্যে কোথাও কোন আগুন দেখা মাত্র "আগুন আগুন" বলে চিৎকার করে কমেপ্লেক্সের ভিতরের সকল কর্মকতা-কর্মচারীদের দৃষ্টি আকর্ষন করবেন। বাঁশিতে ঘন ঘন হুইসেল দিয়ে আগুন সংকেত দিতে থাকবেন। পোষ্টের নিরাপত্তা বজায় রেখে দ্রুত অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার এর মাধ্যমে আগুন নিভানোর চেষ্টা করবেন।

খ) **তরল আগুন** ঃ পেট্রোল, ডিজেল, মিথানল কিংবা অন্য যে কোন দাহ্য তরল পদার্থে আগুন লাগিলে ফোম টাইপ কেমিকেল সরাসরি আগুনে নিক্ষেপ কতে হবে। ফোম এমনভাবে ছিটাতে হবে যেন তা তরল পদার্থে উপরে লেয়ার সৃষ্টি করে যা আগুনকে নিভাতে সাহায্য করে।

গ) **বৈদ্যুতিক আগুনঃ** বৈদ্যুতিক সর্ট সাকিট জনিত কারনে বৈদ্যুতিক তার কিংবা বৈদ্যুতিক যন্ত্রপাতিতে আগুন লাগিলে সে ক্ষেত্রে কার্বন-ডাই অক্সাইড এর ফায়ার এক্সটিংগুইসার ব্যবহার করতে হবে। স্প্রে করার তসময় আগুনের একদিক থেকে অন্যদিকে সরাসরি স্প্রে করতে হবে।

ঘ) **কঠিন আগুনঃ** তরল কিংবা বৈদ্যুতিক আগুন ব্যতিত অন্যান্য আগুনের বেলায় আগুনের উৎপত্তিস্থলে সরাসরি পানি ছিটাতে হবে। এ ধরনের আগুন সাধারন কাগজ, আসবাবপত্র, কাঠ, কাপড় ইত্যাদিতে সূত্রপাত হয়ে থাকে। আগুনের যে অংশে প্রচন্ডতা বেশী সেখানে স্ব বেগে বের্শীকরে পানি ছিটাতে হবে । এছাড়া আগুনের কাছাকাছি বালি, মাটি কিংবা কাদা থাকলে সেগুলোও আগুনে ছিটানো যেতে পারে। এধরনের আগুনে হাতের কাছে কার্বন-ডাই অক্সাইড পাওয়া গেলে তা ব্যবহার করা যাবে।

ঙ) আগুন নিভানোর কার্যক্রমের সাথে সাথে নিন্মোক্ত দায়িত্বগুলিও সম্পন্ন করতে হবেঃ

(১) আগুনের অবস্থার উপর বিবেচনা করে যেকোন টেলিফোন থেকে নিম্নবর্ণিত টেলিফোন মারফত সত্বর দমকল বাহিনীকে আগুনের সংবাদ জানাতে হবেঃ

* বারিধারা = ৮৮২৭৩৯৭
* ক্যান্টনমেন্ট = ৯৮৬০৭৬২, ৮৭৫০০১১ এক্সটেনশন ঃ ২২২২
* তেজগাঁও = ৯৮৯৮১৮৭

(২) ডেসা কর্তৃপক্ষকে ৮১২৩১৩৮-৪০ নম্বরে সংবাদ দিতে হবে।

(৩) ডেসকো কর্তৃপক্ষকে ৯৮৯৫১১৭ (বারিধারা), ৯৮৯৫১২০ (গুলশান) নম্বরে সংবাদ দিবেন।

(৪) প্রিস্টিন কন্টোল রুমকে ০১৭৪৭-৯৪৬৫৪৫, ০২-৫৮৮১৭১৭৩-৪ এ জানাতে হবে।

(৫) ক্লায়েন্ট কিংবা ক্লায়েন্টের প্রতিনিধিকে তাদের মেবাইল নম্বর -এ অবহিত করতে হবে।

(৬) পুলিশের সহায়তার জন্য ক্লায়েন্ট কর্তৃপক্ষ এবং প্রিস্টিন সিকিউরিটি সার্ভিস লিঃ-এর অনুমতি সাপেক্ষে সংশ্লিষ্ট থানায় খবর দিতে হবেঃ

* গুলশান থানা ঃ ৯৮৮০২৩৪
* ক্যান্টনমেন্ট থানা ঃ ৮৯১৬২৭৭
* বাড্ডা থানা ঃ ৯৮৮২৬৫২
* পুলিশ কন্টোল ঃ ৮৬১৬৫৫১-৩
* র‌্যাব-১ ঃ ০২-৮৯৬৩৪১৯

(৭) আগুন দেখা মাত্র সিড়ি ঘরের নীচে রক্ষিত ইলেকট্রিক মেইন সুইচ বন্ধ করে দিতে হবে।

(৮) বহুতল বিশিষ্ট ভবন হলে কর্মচারী নির্গমনের সুবিধার্থে সকল দরজা খুলে দিবে এবং সকলকে শান্তভাবে নীচে নেমে আসার জন্য আহব্বান জানাবে। একই সাথে ডাইভারদের সহায়তায় সু-শৃংখলভাবে পার্কিংয়ের সকল গাড়ি দ্রুত দূরে সরিয়ে নেয়ার ব্যবস্থা করবে।

(৯) আগুন নিভানোর নামে আগত আশে পাশের উৎসুক জনতার প্রতি নজর রাখবে যাতে এ কমপ্লেক্স থেকে কোন কিছু লুটপাট কিংবা চুরি না হয়।